রাসূলুল্লাহর নিকট এক মুদের দুই তৃতীয়াংশ পানি আনা হলে তিনি তার বাহুকে ঘষতে আরম্ভ করেন।

আব্দুল্লাহ ইবন যায়েদ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “রাসূলুল্লাহর নিকট এক মুদের দুই তৃতীয়াংশ পানি আনা হলে তিনি তার বাহুকে ঘষতে আরম্ভ করেন।”
[সহীহ] [ইবন খুযাইমাহ এটি বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে আব্দুল্লাহ ইবন যায়েদ-রাদিয়াল্লাহু আনহু- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওযুর পানির পরিমাণ সম্পর্কে সংবাদ দেন। অর্থাৎ, তিনি এক মুদের দুই তৃতীয়াংশ পানি দ্বারা ওযূ করতেন। এতেই কোন প্রকার অপচয় ছাড়া উদ্দেশ্য হাসিল হয়ে যেত। তিনি তার বাহুকে ঘষতেন। আর এ ঘষা ছিল ধোয়ার সমস্ত অঙ্গে পানি পৌছানোর জন্যে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8380